দৈনিক বাংলা

12 FEB 1996

১৫

## ছাত্র ভর্তি ও বৃত্তি প্রদানের সরকারী বিধান

চলতি শিক্ষাবর্ষে (১৯৯৫–৯৬) এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এইচএসসিতে ভর্তির বিধান সকলের কাছে প্রশংসিত হয়েছে। কিন্তু বৃত্তি প্রদানে মেধা মূল্যায়ন না করে ঢাকার শহরতলীর ছাত্রছাত্রীদের ৭৫০ নম্বর এবং শহরের ছাত্রছাত্রীদের ৮৫০ নম্বর প্রাপ্তদের বৃত্তি প্রদানের সিদ্ধান্ত ছাত্রছাত্রীসহ অভিভাবকদের হতাশ করেছে। মার্কের ব্যবধান এখানে ১০০। একই কলেজে একই শ্রেণীতে অধ্যায়নরত একজন ছাত্র বা ছাত্রী ৭৫০ নম্বর পেয়ে বৃত্তি পাবে অথচ ৯৯ নম্বর বেশী পেয়েও অর্থাৎ ৮৪৯ নম্বর পেয়েও কেউ বৃত্তি পাবে না এ বৈষম্য অসঙ্গত এবং অযৌক্তিক। ছেলে-মেয়েদের উদ্যম ও মনমানসিকতায় বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হবে। তাই ভর্তির বিধান অনুযায়ী ৭৫০ ও তদূর্ধ্ব নম্বরপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদানের বিধান চালু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাচ্ছি।

মোঃ মজিবুর রহমান সরদার
১১৬ উত্তর যাত্রাবাড়ি, ঢাকা।